# তথ্য কমিশনের ৩০তম সভার কার্যবিবরণী

**সভাপতি** ঃ মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন

**সভার তারিখ** ঃ ১৭/১২/২০১৯ খ্রিস্টাব্দ **সময়ঃ** বিকেল- ৩.০০ টা

**সভার স্থান** ঃ তথ্য কমিশনের সভাকক্ষ

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।**

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের সচিবকে আহ্বান জানান। এ পর্যায়ে কমিশনের সচিব পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | বিগত সভার (২৯তম) সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | - | কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তাঅনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ০২। | বিগত সভার (২৯তম) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>২.১। তথ্য কমিশনের ওয়েব সাইট আপডেট। | ১। সারাদেশে A2i এর সহায়তায় ৩৩৩ সংযোগ স্থাপন করতে হবে।<br>২। প্রকল্প পরিচালক, এটুআই ও সচিব, তথ্য কমিশন ০৭ (সাত) দিনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করবেন। পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে জেলা প্রশাসকদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হবে।<br>৩। ইউডিসিতে কর্মরত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ বিভাগীয় পর্যায়ে আয়োজন করা হবে এবং পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।<br>৪। তথ্য কমিশন ডিজিটাল পদ্ধতিতে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের জন্য একটি অনলাইন প্লাটফরম (http://rtitracking.infocom.gov.bd/) নির্মাণ করেছে। প্লাটফরমটি প্রস্তুত ও বাস্তবায়নের জন্য তথ্য কমিশনকে a2i সহায়তা প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় তথ্য কমিশন নিম্ন বর্ণিত ক্ষেত্রে a2i এর সহযোগিতা প্রত্যাশা করছে।<br>ক) দেশব্যাপি স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে তথ্য প্রাপ্তির আবেদন, আপীল ও অভিযোগ ফরম পূরণে সহায়তা;<br>খ) ৩৩৩ সেন্টারের মাধ্যমে তথ্য | গত ০৮/১২/২০১৯ তারিখে এটুআইয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। | ১। A2i প্রদত্ত সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিত করার লক্ষ্যে তথ্য কমিশনের পরিচালক (প্রশাসন) কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সহকারী প্রোগ্রামারকে সহকারী ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়। A2i সাথে আলাপ ও সমন্বয় করে আগামী ২৬/১২/২০১৯ তারিখের মধ্যে জনসচেতনতা কার্যক্রমের পরিকল্পনা প্রস্তুতকরত কাজটিকে এগিয়ে নিতে হবে।<br>২। তথ্য অধিকার বাস্তবায়নার্থে গঠিত উপজেলা, জেলা, বিভাগীয় কমিটি এবং কেন্দ্রীয় পর্যায়ে ওয়ার্কিং গ্রুপের সভাপতিদের জন্য ড্যাসবোর্ডের মাধ্যমে আওতাধীন সকল অফিসের কার্যক্রম মনিটরিং ও ট্র্যাকিং সুবিধা ডিনেট সহায়তায় সংযুক্ত করতে হবে।<br>৩। বিভিন্ন পর্যায়ে এটুআইয়ের ৩৩৩ প্রোগ্রামের সাথে তথ্য কমিশনের Online | সচিব, পরিচালক (প্রশাসন), উপপরিচালক (প্রশাসন) এবং সহকারী প্রোগ্রামার, তথ্য কমিশন |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | |
|---|---|---|---|---|---|
| | | প্রাপ্তির আবেদন, আপীল ও অভিযোগ ফরম পূরণে সহায়তা; গ) অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন সিস্টেম (আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম) বাস্তবায়নে সহায়তা; ঘ) স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার টেমপ্লেট প্রস্তুতকরণে সহায়তা; ঙ) তথ্য প্রদানকারী কর্মকর্তাদের জন্য ড্যাশবোর্ড তৈরি ও পরিচালনায় সহায়তা; এবং চ) তথ্য অধিকার আইন বাস্তবায়নে নাগরিক সচেতনতা সৃষ্টিতে সহায়তা। | | Tracking System এর সমন্বয় (align) করা। এছাড়াও ইউডিসিগুলোর রেজিস্ট্রেশন ফরম পূরণ, প্রসেসকরণ এবং ফি নির্ধারণ করা। ৪। আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের প্রচার, প্রকাশ ও ব্যবহার উপযোগী করার জন্য অবশিষ্ট জেলাগুলোর জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী অর্থবছরের বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ প্রস্তাব আগামী ০৩ দিনের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। ৫। ইউডিসি কর্তৃক তথ্য প্রাপ্তির আবেদনকারীগণের প্রতিটি আবেদন ফরম পূরণ ও প্রসেসের জন্য সর্বোচ্চ ২০/- (বিশ) টাকা ফি নির্ধারণ করা যথাযথ হবে। ৬। চলতি অর্থবছরে অন্ততঃ ৭-৮টি জেলায় Online Tracking System এর উপর প্রশিক্ষণ ও জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে। | |
| | ২.২। শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে কমিটি গঠন। | ৩০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | বাছাই উপকমিটি যাচাই-বাছাই করে প্রতিবেদন দাখিল করেছেন। | আগামী এক সপ্তাহের মধ্যে সিআইসির সাথে আলোচনাপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণপূর্বক নিয়োগ কার্যক্রম এগিয়ে নিতে হবে। | সচিব ও পরিচালক (প্রশাসন) তথ্য কমিশন |
| ০৩। | "অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকরণ এবং টেকসই উন্নয়ন সাধন" প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | ৩০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে ডিপিপি চূড়ান্ত করতে হবে এবং পরবর্তী কমিশন সভায় তা অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বাস্তবায়িত | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রকল্প বাছাই কমিটির সভা আহ্বানের জন্য সচিব, তথ্য কমিশন দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। | সচিব, পরিচালক (গ.প্র.প্র) ও সহকারি পরিচালক (হিওবা) তথ্য কমিশন |
| ০৪। | অভিযোগের রেজিষ্টার এন্ট্রিকরণ, নথির শ্রেণিবিন্যাস ও সূচিকরণ, ডাটা এন্ট্রিকরণ বাস্তবায়ন অগ্রগতি। | ২১/১০/২০১৯ তারিখে এবিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | আলোচনা হয়েছে। কাজের বাস্তবায়ণ চলমান আছে।<br><br>বাঁধাইয়ের কার্যক্রম প্রক্রিয়াধীন। | আগামী ১৫ দিনের মধ্যে অভিযোগ রেজিষ্টার বাঁধাই করে সিআইসির নিকট দাখিল করতে হবে। | উপপরিচালক (গ.প্র.প্র.), গবেষণা কর্মকর্তা এবং সহকারি প্রোগ্রামার |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | |
|---|---|---|---|---|---|
| ০৫। | তথ্য কমিশন ভবন নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা। | দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য গণপূর্ত অধিদপ্তর গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করেছেন | সিনিয়র সহকারী প্রধান জনাব নজরুল ইসলামের নিকট থেকে জানা যায় যে, দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয় বরাবর উপস্থাপন করা হয়েছে। | প্রকল্প পরিচালক সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রেখে ভবন নির্মাণ কাজ দ্রুত করার উদ্যোগ গ্রহণ করবেন। প্রতি সপ্তাহের অগ্রগতি প্রতিবেদন সিআইসির নিকট দাখিল করবেন। | সচিব তথ্য কমিশন ও প্রকল্প পরিচালক |
| ০৬। | বিবিধ | সিটিজেনস চার্টার এবং কমিশনের কর্মকর্তা ও কর্মচারিদের দায়িত্ব ও কর্তব্য (Job Description) বিষয়ে করণীয় সম্পর্কে উপপরিচালক (গ.প্র.প্র.) কে সুপারিশ প্রণয়নের দায়িত্ব প্রদান করা হয়। | সুপারিশমালা প্রণয়ন করা হয়নি। | আগামি ১৫ দিনের মধ্যে এ সংক্রান্ত বিষয়ে সুপারিশমালা প্রণয়ন করে সিআইসির নিকট দাখিল করতে হবে। এ বিষয়ে উপপরিচালক (প্রঃ) উপপরিচালক (গ.প্র.প্র.) কে সহায়তা প্রদান করবেন। | উপপরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (গ.প্র.প্র.), তথ্য কমিশন |
| | | জেলা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্যদের জন্য রিফ্রেসার্স/প্রশিক্ষণ কোর্স এবং অনলাইন প্রশিক্ষণ কোর্স আয়োজনের বিষয়ে আগামী ০৭ দিনের মধ্যে সুপারিশমালা তথ্য কমিশনার-১ এর মাধ্যমে প্রণয়ন করে প্রধান তথ্য কমিশনারের নিকট পেশ করতে হবে। | সকলকে প্রশিক্ষণ বিষয়ক প্রণীত সুপারিশমালার কপি দিতে হবে। | বাস্তবায়িত | পরিচালক (গ.প্র.প্র.), উপপরিচালক (গ.প্র.প্র.), ও সহঃপরিচালক (প্রশিক্ষণ) তথ্য কমিশন |
| | | আগামী নভেম্বর/২০১৯ মাসের ১ম সপ্তাহে একটি ভিডিও কনফারেন্স আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়িত | পরবর্তীতে ভিডিও কনফারেন্সের পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.), উপপরিচালক (গ.প্র.প্র.), সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এবং সহকারী প্রোগ্রামার |
| | | প্রশিক্ষণের কর্মসূচী ও বাজেট প্রণয়ন। | | সারাদেশে তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভন্ন প্রশিক্ষণ, ওয়ার্কসপ, সেমিনার, জনঅবহিতকরণ সভা, অনলাইন প্রশিক্ষণ এবং অনলাইন ট্র্যাকিং সিস্টেম প্রশিক্ষণসহ সকল কলেজ, বিশ্ববিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের নিয়ে জনসচেতনতামূলক কার্যক্রম এবং যুব উন্নয়ন অধিদপ্তর ও টিআইবির সাথে সমন্বয় করে সম্ভাব্য কর্মসূচী ও বাজেট প্রণয়ন করে আগামী ০৭ দিনের মধ্যে প্রধান তথ্য কমিশনারের নিকট দাখিল করতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.), উপপরিচালক (গ.প্র.প্র.), সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এবং সহকারী প্রোগ্রামার |

| ক্রমিক নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | |
|---|---|---|---|---|---|
| | | প্রশাসনিক সভা আহবান | | প্রতিমাসের ২য় সোমবার অথবা ছুটিজনিত কারণে পরবর্তী কার্যদিবস অথবা বিশেষক্ষেত্রে প্রধান তথ্য কমিশনারের নির্দেশনা অনুযায়ী সভা আহ্বান করতে হবে। | সচিব ও পরিচালক (প্রশাসন) তথ্য কমিশন |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মরতুজা আহমদ)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন

স্মারক নংঃ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪(০২).১৩-১৭৬৮

তারিখ ঃ ২৪/১২/২০১৯ খ্রিস্টাব্দ

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

০১। সচিব, তথ্য মন্ত্রণালয়।
০২। সচিব, তথ্য কমিশন।
০৩। পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৪। প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন (প্রধান তথ্য কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। উপপরিচালক (সকল), তথ্য কমিশন।
০৬। তথ্য কমিশনারের একান্ত সচিব (সকল), তথ্য কমিশন (তথ্য কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
০৭। সহকারি পরিচালক (সকল), তথ্য কমিশন।
০৮। গবেষণা কর্মকর্তা, তথ্য কমিশন।
০৯। জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন।
১০। সহকারি প্রোগ্রামার, তথ্য কমিশন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।

২৪.১২.২০১৯
(মো: তৌফিকুল আলম)
সচিব
তথ্য কমিশন
ফোন ঃ ৯১১১৫৯০